যুগান্তর

21 MAR 2017
2 6

# শিক্ষার্থীদের নিজের সন্তান মনে করে মানুষ করুন

——— অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি

**যুগান্তর রিপোর্ট**, *নবাবগঞ্জ*

সাবেক মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী অ্যাডভোকেট সালমা ইসলাম এমপি বলেছেন, শিক্ষার্থীদের নিজের সন্তান মনে করে মানুষ করুন। তারাই হবে ভবিষ্যতের কর্ণধার। সোমবার বিকালে নবাবগঞ্জের যন্ত্রাইল ইউনিয়নের গোবিন্দপুর উচ্চবিদ্যালয়ের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষক ও বিদ্যালয় কর্তৃপক্ষকে এ কথা বলেন তিনি।

সংসদ সদস্য সালমা ইসলাম বলেন, শিক্ষার প্রসারে প্রধানমন্ত্রী শেখ হাসিনা যেমন কাজ করছেন। ঠিক সেভাবে দোহার নবাবগঞ্জে আমি আপনাদের সঙ্গে নিয়ে এগিয়ে যেতে চাই। প্রতিটি ঘরে শিক্ষার আলো ছড়িয়ে দিতে হবে। নারী শিক্ষায় বেশি নজর দিতে হবে। বাল্যবিয়ে দেবেন না। এ সময় নিজের নির্বাচনী এলাকায় গত তিন বছরে যেসব উন্নয়ন করেছেন তার ফিরিস্তি তুলে ধরেন দোহার নবাবগঞ্জের নির্বাচিত সংসদ সদস্য সালমা ইসলাম।

তিনি বলেন, আপনারা আমাকে নির্বাচিত করে সংসদে পাঠিয়েছেন। সেই প্রতিদান শোধ করতে বিগত তিন বছর ধরেই প্রতিটি গ্রামগঞ্জে ঘুরে বেড়াচ্ছি। স্কুল-কলেজ, ধর্মীয় প্রতিষ্ঠানসহ রাস্তাঘাটের কাজ করে যাচ্ছি। আশা করি, বাকি দিনগুলোতে অসমাপ্ত কাজ শেষ করতে পারব। সে জন্য চাই দলমতের বাইরে সবার সমর্থন ও সহযোগিতা। গোবিন্দপুর উচ্চ বিদ্যালয়ের নবযাত্রায় তিনি সরকারি ভবন নির্মাণের প্রতিশ্রুতির পাশাপাশি ব্যক্তিগতভাবে দুই লাখ টাকা অনুদান দেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের সভাপতি শশাংক ভূষণ পাল চৌধুরী। উপস্থিত ছিলেন স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় সিনিয়র সহসভাপতি নির্মল রঞ্জন গুহ, কলাকোপা ইউপি চেয়ারম্যান ইব্রাহীম খলিল, ওসি মোস্তফা কামাল, জাতীয় পার্টি ঢাকা জেলা যুগ্ম সাধারণ সম্পাদক জুয়েল আহমেদ, জাহাঙ্গীর চোকদার, একেএম আবদুল হালিম, এমএ মজিদ, আসাদুজ্জামান চৌধুরী রানা, ইয়াছিন হোসেন, নরেশ হালদার, স্বেচ্ছাসেবক লীগের নেতা দেলোয়ার কবির, ওয়াসিম আহমেদ, শিল্পী ইসলাম, আবদুস সালাম, শফিকুল ইসলাম স্বপন, নকুল সরকার, আবদুল মতিন, স্বপন হালদার, হাবিবুর রহমান, ছাত্র সমাজের মাসুদ রানা, খলিল দেওয়ান, ইমরান হোসেন, শ্রীকৃষ্ণ সাহা, রাকিব হোসেন, পনির মণ্ডল, সাগর মণ্ডল প্রমুখ।

একই দিন সংসদ সদস্য সালমা ইসলাম নবাবগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মাসিক সভায় উপস্থিত হন।

এ সময় তিনি গ্রামের সাধারণ মানুষের সেবায় চিকিৎসকদের মনোযোগী হয়ে কাজ করার আহ্বান জানান। তিনি সরকারি দফতরের সব কর্মকর্তাকে সময়মতো অফিস করে জনগণের সেবা দেয়ার তাগিদ দেন। এ সময় মুক্তিযোদ্ধা ডেপুটি কমান্ডার আবদুল মজিদ, নবাবগঞ্জ উপজেলা চেয়ারম্যান খন্দকার আবু আশফাক, উপজেলা নির্বাহী কর্মকর্তা শাকিল আহমেদ, সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শাহনাজ মিথুন মুন্নি, ভাইস চেয়ারম্যান মহসীন রহমান আকবর, ডা. শহিদুল ইসলাম, ডা. রবিউল ইসলামসহ কর্মকর্তারা উপস্থিত ছিলেন।